নম্বর 202.11

নির্বাহী আদেশ

দুর্যোগকালীন পরিস্থিতির জরুরি অবস্থা সংক্রান্ত অব্যাহত আইনের সাময়িক স্থগিতাদেশ ও পরিবর্তন

যেহেতু, 7 মার্চ 2020 তারিখে আমি নিউ ইয়র্ক স্টেটের সর্বত্র স্টেটের দুর্যোগকালীন জরুরি অবস্থার কথা ঘোষণা করে নির্বাহী আদেশ নম্বর 202 জারি করি;এবং

যেহেতু, COVID-19-এর ভ্রমণ এবং কমিউনিটি সংস্পর্শজনিত সংক্রমণ উভয়ই নিউ ইয়র্ক স্টেটে পাওয়া গিয়েছে এবং আরো হতে থাকবে বলে অনুমান করা হচ্ছে;

সেহেতু, আমি, নিউ ইয়র্ক স্টেটের গভর্নর, অ্যান্ড্রু এম. কুউমো, নির্বাহী আইনের অনুচ্ছেদ 2-B এর 29-a ধারার অধীনে আমার উপর ন্যস্ত কর্তৃত্ব যা দুর্যোগকালীন জরুরি অবস্থায় যে সকল আইন, স্থানীয় আইন, অধ্যাদেশ, আদেশ, বিধি বা প্রবিধান মেনে চললে তা দুর্যোগকালীন জরুরি পরিস্থিতি মোকাবেলায় প্রয়োজনীয় পদক্ষেপ নিতে বাধা দেয় বা বিলম্ব করায় বা প্রয়োজনে এই ধরনের দুর্যোগ মোকাবেলায় সহায়তা বা সহযোগীতা করার প্রয়োজন হলে যেকোনো সংস্থার কোনও আইন, স্থানীয় আইন, অধ্যাদেশ, আদেশ, বিধি বা প্রবিধান বা এর অংশগুলো সাময়িকভাবে স্থগিত বা সংশোধন করার ক্ষমতাবলে, আমি এত দ্বারা এই কার্যনির্বাহী আদেশ প্রদানের তারিখ থেকে 26 এপ্রিল 2020 পর্যন্ত সাময়িকভাবে নিম্নোক্তগুলো স্থগিত বা সংশোধন করলাম:

- মানসিক স্বাস্থ্যবিধি আইনের (Mental Hygiene Law) ধারা 16.03 ও 16.05 এবং নিউ ইয়র্কের নিয়ম, নীতি এবং প্রবিধানের (New York Codes, Rules and Regulations, NYCRR) এর শিরোনাম 14-র অংশ 619 যাতে এগুলো নির্দিষ্ট পরিষেবার বিধানকে প্রত্যয়িত বিন্যাসের মধ্যে সীমিত করে, এই শর্তে যে এই ধরনের বিন্যাস ব্যবহারের জন্য উন্নয়ন প্রতিবন্ধী ব্যক্তিদের কার্যালয় (Office for People With Developmental Disabilities, OPWDD) কমিশনারের অনুমোদন প্রয়োজন হয়;

- মানসিক স্বাস্থ্যবিধি আইনের অনুচ্ছেদ 16 অনুযায়ি কর্মী সংকটে ভোগা কর্মসূচি এবং স্থাপনাগুলোতে নিযুক্ত প্রত্যক্ষ সহায়তা প্রদানকারী পেশাদার নিয়োগের সংক্ষিপ্ত প্রশিক্ষণ এবং/অথবা অনুমোদনের সময়সীমা বাড়ানোর অনুমতি প্রদানের উদ্দেশ্যে নিউ ইয়র্কের নিয়ম, বিধান এবং প্রবিধানের শিরোনাম 14-এর ধারা 633.16-এর প্রয়োজনীয় অংশ;

- সামাজিক পরিষেবা আইনের (Social Services Law) ধারা 131-u এবং 459 (b) এবং NYCRR-এর শিরোনাম 18-র ধারা 408.6, 408.7 এবং 408.8 যত দূর পর্যন্ত শিশু এবং পারিবারিক পরিষেবা কার্যালয় (Office of Children and Family Services) কর্তৃক প্রতিষ্ঠিত আইন এবং প্রবিধান যেভাবে দৈনিক ভিত্তিতে পারিবারিক সহিংসতার শিকারদের আবাসিক কর্মসূচির সময়কাল এবং ব্যয় পরিশোধের পরিমাণকে সীমিত করে;

- জনস্বাস্থ্য বিষয়ক জরুরি পরিস্থিতি চলাকালে নির্দিষ্ট অ্যালকোহল-ভিত্তিক হ্যান্ড স্যানিটাইজার পণ্য উৎপাদন (মার্চ 2002) করার খাদ্য ও ওষুধ প্রশাসনের নীতির সাথে সামঞ্জস্য রেখে নিবন্ধিত আবাসিক ফার্মেসী এবং নিবন্ধিত আবাসিক আউটসোর্সিং সংস্থাগুলোকে নির্দিষ্ট অ্যালকোহল-ভিত্তিক হ্যান্ড স্যানিটাইজার পণ্য

উৎপাদনে অস্থায়ীভাবে অনুমতি প্রদানের উদ্দেশ্যে শিক্ষা আইন এবং সংশ্লিষ্ট প্রবিধানেরধারা 6808 (1)-এর প্রয়োজনীয় অংশ;

- যতক্ষণ পর্যন্ত কোনো ব্যক্তিগত স্বাস্থ্য তথ্যকে (Personal Health Information) ঝুঁকিগ্রস্থ হওয়া প্রতিরোধ করতে পর্যাপ্ত সুরক্ষা রয়েছে ততক্ষণ পর্যন্ত ফার্মেসি টেকনিশিয়ান এবং ফার্মাসিস্টদের তাদের বাড়ীসহ কোনো বিকল্প স্থানে অনুশীলনের অনুমতি প্রদানের উদ্দেশ্যে শিক্ষা আইনের ধারা 6802, 6808, ও 6841 এবং NYCRR-এর শিরোনাম 8 এর খন্ড 29.7 (10) এবং 63.6-এর প্রয়োজনীয় অংশ;

- স্নাতক হবার পর পর 180 দিনের জন্য নিবন্ধিত পেশাদার নার্স এবং স্টেটের শিক্ষা বিভাগ (State Education Department) কর্তৃক নিবন্ধিত লাইসেন্সপ্রাপ্ত দক্ষ নার্সের লাইসেন্সের অনুমোদন পাওয়ার যোগ্যতা অর্জনের উপযুক্ত শিক্ষা কার্যক্রমের মাধ্যমে হওয়া স্নাতকদের একজন নিবন্ধিত পেশাদার নার্সের তত্বাবধানে এবং নিয়োগকারী হাসপাতাল বা নার্সিং হোমের সমর্থনে নার্সিং অনুশীলনের জন্য নিযুক্ত করার উদ্দেশ্যে শিক্ষা আইনের ধারা 6907 এর উপবিভাগ 5 এবং সংশ্লিষ্ট প্রবিধানের প্রয়োজনীয় অংশ;

- COVID-19-এর পরিস্থিতি মোকবেলায় স্টেটের প্রতিক্রিয়ার অংশ হিসেবে প্রদান করা চিকিৎসা পরিষেবার জন্য সরকারি কর্মকর্তা আইনের (Public Officers Law) ধারা 17 এর বিধান থেকে স্টেট ইউনিভার্সিটি অফ নিউ ইয়র্ক (SUNY)-এর মালিকানাধীন অথবা স্টেট ইউনিভার্সিটি অফ নিউ ইয়র্ক কর্তৃক ইজারা নেয়া এবং স্টেট ইউনিভার্সিটি অফ নিউ ইয়র্ক কর্তৃক পরিচালিত স্থাপনাসমূহে COVID-19-এর পরিস্থিতি মোকবেলায় স্টেটের প্রতিক্রিয়ার সহায়তা করা চিকিৎসকগণ বাদ যাচ্ছেন না তা নিশ্চিত করতে সরকারি কর্মকর্তা আইনের ধারা 17-এর উপবিভাগ 11 এবং সংশ্লিষ্ট যেকোনো প্রবিধানের প্রয়োজনীয় অংশ;

- সরকারি কর্মকর্তা আইনের ধারা 17 এর উপবিভাগ 1-এর অনুচ্ছেদ এবং সংশ্লিষ্ট যেকোনো প্রবিধানের এই পরিসর পর্যন্ত যেখানে SUNY এই অনুচ্ছেদের অধীনে SUNY আপস্টেট হাসপাতাল (SUNY Upstate Hospital), SUNY স্টোনি ব্রুক ইউনিভার্সিটি হাসপাতাল এবং ইউনিভার্সিটি হাসপাতাল (SUNY Stony Brook University Hospital), ইউনিভার্সিটি হাসপাতাল SUNY ডাউনস্টেট (University Hospital SUNY Downstate)-এর জন্য স্টেট জুড়ে একটি স্বেচ্ছাসেবী কর্মসূচির মনোনয়ন দিয়েছে, যেখানে পারিশ্রমিকপ্রাপ্ত এবং পারিশ্রমিকহীন উভয় ধরনের স্বেচ্ছাসেবী রয়েছে;

- নিউ ইয়র্ক স্টেটের কমিউনিটি কলেজগুলোতে আবাসনের শংসাপত্র জমা দেওয়ার ত্রিশ দিনের প্রয়োজনীয়তা স্থগিত করা, এবং COVID-19-এর জরুরী অবস্থা চলাকালে প্রতিটি কাউন্টিতে আবাসনের প্রশংসাপত্রের জন্য ইলেকট্রনিক মেইল এবং ডাকের মাধ্যমে আবেদনের অনুমতি দেওয়ার উদ্দেশ্যে শিক্ষা আইনের ধারা 6305-এর উপবিভাগ (3) এবং NYCRR-এর শিরোনাম 8-এর 602.12 ধারার উপবিভাগ (c) এবং প্রযোজ্য অন্যান্য যেকোনো রাষ্ট্র বা স্থানীয় আইন, বিধি বা প্রবিধানের প্রয়োজনীয় অংশ;

- যথাযথভাবে কার্যকর করা জরুরি অবস্থার ঘোষণাপত্র জারি করা হলে এই ধারাগুলোর মধ্যে নিষিদ্ধ করা শর্তাবলী পূরণে কোনো স্টেট বা স্থানীয় কর্তৃপক্ষ ব্যর্থ হলে কর্তৃপক্ষ বাজেট অফিসের (Authorities Budget Office) পরিচালককে এই সময়সীমা উপেক্ষা করার অনুমতি দেওয়ার উদ্দেশ্যে সরকারি কর্মকর্তা আইনের ধারা 2800(1)(a) ও (2)(a); 2801(1) ও (2); 2802(1) এবং (2); 2824(2)-এর সামঞ্জস্যপূর্ণ এবং প্রয়োজনীয় অংশ;

- যেখানে বাস্তব সম্মত সেখানে, পাবলিক সত্বাগুলো বিড উন্মুক্তকরণের রেকর্ড করবে বা লাইভ স্ট্রিম সরবরাহ করবে যাতে জনসাধারণের এই জাতীয় বিডের উদ্বোধন দেখার সুযোগ পায় ,এই শর্তে বিডের নন-পাবলিক উন্মুক্তকরণের (Non-public Opening of Bid) অনুমতি দেয়ার উদ্দেশ্যে; সাধারণ পৌর আইনের (General Municipal Law) ধারা 103(2), স্টেটের অর্থ আইন আইনের (State Finance Law) ধারা 144(1), শিক্ষা আইনের (Education Law) ধারা 376(8)(a) এবং সরকারি কর্মকর্তা আইনের (Public Authorities Law) ধারা 359(1)-এর প্রয়োজনীয় অংশ;

- স্টেট ডিপার্টমেন্ট কর্তৃক লাইসেন্সপ্রাপ্ত ব্যক্তি ও ব্যবসায়িকদেরকে তাদের লাইসেন্সের মেয়াদ শেষ হওয়ার তারিখ বাড়িয়ে দেয়ার উদ্দেশ্যে:
    - এই নির্বাহী আদেশের মেয়াদ শেষ হওয়ার 30 দিনের মধ্যে লাইসেন্স নবায়নের সময় বাড়ানোর উদ্দেশ্যে, প্রয়োজন অনুযায়ী অনুচ্ছেদ 6-D, 7, 7-A, 8-B, 8-C, 27, 28, 35-B, 35-C, 37-A, 39-E, 39-G, 41, সাধারণ ব্যবসা আইন (General Business Law)-এর ধারা 399-pp সংশোধিত হল;
    - এই নির্বাহী আদেশের মেয়াদ শেষ হওয়ার 30 দিনের মধ্যে লাইসেন্স নবায়নের সময় বাড়ানোর উদ্দেশ্যে, প্রয়োজন অনুযায়ী অনুচ্ছেদ 6-F, 6-H, এবং নিউ ইয়র্ক কার্যনির্বাহী আইন (New York Executive Law)-এর ধারা 130-131 সংশোধিত হল;
    - এই নির্বাহী আদেশের মেয়াদ শেষ হওয়ার 30 দিনের মধ্যে লাইসেন্স নবায়নের সময় বাড়ানোর উদ্দেশ্যে, প্রয়োজন অনুযায়ী স্থাবর সম্পত্তি আইন (Real Property Law)-এর অনুচ্ছেদ 12-A, 12-B, এবং 12-C সংশোধিত হল;এবং

- এই নির্বাহী আদেশের মেয়াদ শেষ হওয়ার 30 দিনের মধ্যে লাইসেন্স নবায়নের সময় বাড়ানোর উদ্দেশ্যে, প্রয়োজন অনুযায়ী নিউ ইয়র্ক শিল্প ও সংস্কৃতি বিষয়ক আইন (New York Arts and Cultural Affairs Law)-এর অনুচ্ছেদ 25 সংশোধিত হল;

- বর্তমানে স্টেট ডিপার্টমেন্ট কর্তৃক প্রত্যয়িত নির্মাতা, খুচরা বিক্রেতা, ইন্সটলার এবং মেকানিকদেরকে তাদের বিদ্যমান প্রত্যয়নপত্র নবায়ন চালু রাখতে সমর্থ করার উদ্দেশ্যে, COVID-19 জরুরি অবস্থা চলাকালে কোর্সসমূহ বাতিল বা স্থগিত করার কারণে শিক্ষা বিষয় শর্ত চালু রাখা সম্ভব না হবার পরিস্থিতিতে NYCRR-এর শিরোনাম 19-এর ধারা 1210.13;

- শিরোনাম 16, নগর উন্নয়ন কর্পোরেশন বিধি (Urban Development Corporation Act), এই পরিস্থিতিতে যে, কোনো প্রস্তাবিত প্রকল্প কার্যকর করার জন্য জনসাধারণের শুনানির প্রয়োজনীয়তা হয়, এই শর্তে যে নগর উন্নয়ন কর্পোরেশন জনগণের জন্য প্রস্তাবিত প্রকল্পের বিষয়ে মন্তব্য করার একটি বিকল্প সুযোগ সরবরাহ করে এবং আইনটিতে থাকা নোটিশের শর্তের সাথে সামঞ্জস্য রেখে সেই সুযোগের নোটিশ প্রকাশ করে;

- কার্যনির্বাহী আইনের ধারা 94, সেই মাত্রায়, যখন ধারা 94(10)(a-c) অনুযায়ী কিছু কিছু প্রশিক্ষণ আবশ্যক হয়, এই ধরনের সময়সীমা পূরণে ব্যর্থতা কার্যনির্বাহী আইনের লঙ্ঘন হিসাবে ধরা হবে না যদি এই ধরনের প্রশিক্ষণ 30 দিনের মধ্যে সম্পন্ন হয়;

- সাদারণ ব্যাবসা আইনের ধারা 352-e(2) যেখানে 30 দিনের মধ্যে সহযোগীতা/সমবায়ের প্রস্তাব পরিকল্পনায় প্রতিক্রিয়া জানাতে হবে, উল্লেখ্য যে, এ ধরনের প্রতিক্রিয়ার জন্য সময়সীমা 30 দিন পর্যন্ত বর্ধিত করা যেতে পারে;

- বৈচিত্র, পরিবর্তনের অনুমোদন এবং অন্যথায় অনুমোদনের আবেদন প্রক্রিয়াকরণের অনুরোধে সাড়া দিতে অ্যাডিরন্ড্যাক পার্ক এজেন্সির (Adirondack Park Agency) প্রয়োজনীয় আইন ও প্রবিধানের সময়সীমা স্থগিত করার উদ্দেশ্যে কার্যনির্বাহী আইনের (Executive Law) ধারা 806, 808, 809, এবং 814, পরিবেশ সংরক্ষণ আইনের (Environmental Conservation Law) ধারা 24-0801, এবং সম্পর্কিত বিধির প্রয়োজনীয় অংশ;

- লাইসেন্স অনুমোদনের অভাব সম্পর্কিত দেওয়ানি বা ফৌজদারি দন্ড ব্যতীত নিউ ইয়র্কে কাজ করার উদ্দেশ্যে, মার্কিন যুক্তরাষ্ট্রের যে কোনও স্টেট, বা কানাডার কোনও প্রদেশ বা অঞ্চলে লাইসেন্সপ্রাপ্ত করতে এবং সুখ্যাতি থাকা ধাত্রীদের থাকতে অনুমতি দেওয়ার উদ্দেশ্যে শিক্ষা আইনের ধারা 6951, 6952, 6953 ও 6955-এর প্রয়োজনীয় অংশ;

- কেবলমাত্র যে সকল মোটরযান COVID-19 প্রাদুর্ভাবের কারণে স্বেচ্ছায় অচল হিসেবে রাখা হয়েছে তাদের জন্য এই নির্বাহী আদেশের সাথে সম্পর্কিত 30-দিনের জন্য টোল আদায় করতে যা শেষ বারের পর ছয় মাসের মধ্যে কোনো মোটরযান পরীক্ষা করার শর্ত, এই পরিসরে পরিবহন আইন (Transportation Law)-এর সেকশন 140(3)-এর প্রয়োজনীয় অংশ;

- এই ধারার অধীনে গণনা করা আয় সীমাবদ্ধতা থেকে জরুরী সময়কালে প্রাপ্ত যেকোনো আয় উপেক্ষা করার উদ্দেশ্যে অবসর ও সামাজিক সুরক্ষা আইনের (Retirement and Social Security Law) ধারা 212;

- বার্ষিক সুরক্ষা পরিদর্শন এবং কমপক্ষে দ্বিবার্ষিক নির্গমন পরিদর্শন প্রয়োজন যাতে এই আদেশের তারিখ পর্যন্ত বৈধ তবে এটির মেয়াদ সামনে শেষ হবে এমন পরিদর্শন প্রত্যয়নপত্রের মেয়াদ শেষ হবার পরেও যানবাহন বৈধভাবে চালানো যায়, এমন পরিসরে মোটরযান এবং ট্র্যাফিক আইনের (Vehicle and Traffic Law) ধারা 301 এর উপবিভাগ (a)-এর প্রয়োজনীয় অংশ;

- অন্ত্যেষ্টিক্রিয়া পরিষেবার অনুমোদনে বা গ্রহনে ডকুমেন্ট এবং ফর্ম একজন ব্যক্তি কর্তৃক হাতে দেয়া স্বাক্ষরের বদলে ইলেকট্রনিক স্বাক্ষর ব্যবহার করতে অনুমতি দেয়ার উদ্দেশ্যে স্টেটের প্রযুক্তি আইন (State Technology Law)-এর ধারা 307(1)-এর প্রয়োজনীয় অংশ;

অধিকন্তু, দূর্যোগপুর্ন পরিস্থিতিতে দূর্যোগ মোকাবেলা করতে যেকোনো নির্দেশনা প্রদানে আমার উপরে কার্যনির্বাহী আইনের অনুচ্ছেদ 2-B ধারা 29-a অনুযায়ী ন্যাস্ত কর্তৃত্ব বলে, এই কার্যনির্বাহী আদেশের তারিখ থেকে এপ্রিল 26, 2020 পর্যন্ত আমি এত দ্বারা নিম্নোক্ত নির্দেশনা প্রদান করছি:

- স্টেটব্যাপী স্কুল বন্ধের সাথে সম্পর্কিত নির্বাহী আদেশ 202.4-এ অন্তর্ভুক্ত নির্দেশিকাটি সমস্ত স্কুল এপ্রিল 15, 2020 অবধি বন্ধ থাকবে বলে সংশোধিত হবে, যখন সবন্ধ থাকার বিষয়টি পুনঃমূল্যায়ন করা হবে।

COVID-19-এর প্রাদুর্ভাবের কারণে কোনো স্কুল 180 দিনের সেশনের শর্ত পূরণে ব্যর্থ হলে তার স্কুল এইড হ্রাস পাবে না এই শর্তে যে তাদের বন্ধ এখানে উল্লিখিত শর্তের বাইরে যায় না। অপরিহার্য কর্মীদের শিশুদের পরিচর্যা উপর জোর দেয়াসহ স্কুল ডিস্ট্রিক্টগুলোকে বিকল্প নির্দেশনামূলক অপশন, বিতরণ এবং খাবারের প্রাপ্যতা, ও শিশু পরিচর্যা, এবং প্রথম কোনো অবকাশ বা তুষারপাতের দিনের ব্যবহার অব্যাহত রাখতে হবে।

- প্রোফিল্যাকটিক উদ্দেশ্যে হাইড্রোক্সিক্লোরোকুইন বা ক্লোরোকুইন সরবরাহের উপর নিষেধাজ্ঞার সাথে সম্পর্কিত নির্বাহী আদেশ 202.10-এ থাকা নির্দেশিকাটি নিম্নরূপে সংশোধন করা হয়েছে: কোনও ফার্মাসিস্ট লিখিতভাবে: খাদ্য এবং ঔষধ প্রশাসন অনুমোদিত উপসর্গের জন্য নির্ধারিত ব্যতীত, হাইড্রোক্সিক্লোরোকুইন বা ক্লোরোকুইন প্রদান করবেন না; 42 U. S. C 1396r -8(g)(I)(B)(i)-এ বর্ণিত সংস্থার অন্তর্ভুক্ত অন্তর্ভূক্ত হবার জন্য অনুমোদিত এক বা একাধিক উদ্ধৃতি দ্বারা সমর্থিত কোনো উপসর্গের জন্য; হাসপাতালের আবাসিক রোগী এবং জটিল অবস্থায় উপনীত রোগীদের জন্য; কোনো দক্ষ নার্সিং সংস্থার জটিল এবং দুরারোগ্যের মাঝামাঝি অংশের বাসিন্দাদের জন্য; অথবা একটি ইনস্টিটিউশনাল রিভিউ বোর্ড (Institutional Review Board) কর্তৃক অনুমোদিত গবেষণার অংশ হিসেবে এই জাতীয় ঔষধের বিধান দেয়ার জন্য অনুমোদিত যেকোনো ব্যক্তি ব্যবস্থাপত্রটিতে এই ব্যবস্থাপত্র কোনো পরিস্থিতিতে দেয়া হয়েছিল তা উল্লেখ করবেন।

- কোনো ধরনের স্থাপনার কার্যক্রম বা কত জন ব্যক্তি কোনো জায়গায় থাকতে পারবে তা সীমিত করার কোনো কার্যনির্বাহী আদেশ কার্যকর হলে, কার্যনির্বাহী আদেশ দ্বারা অনুমোদিত সংখ্যার বেশি সংখ্যক ব্যক্তি দ্বারা এই জাতীয় কোনও স্থাপনার জায়গা দখল হলে বা কার্যক্রম পরিচালনা করা হলে তা আইন লঙ্ঘন বলে গণ্য হবে এবং এটি সীমাবদ্ধতার মাধ্যমে নয় বিশেষ ভাবে, যে স্থাপনা বা স্থানে অবস্থিত তার এখতিয়ারে থাকা ইউনিফর্ম কোড (Uniform Code) বা কার্যকর অন্যান্য স্থানীয় বিল্ডিং কোডের লঙ্ঘন বলে গণ্য হবে। এ জাতীয় কোনও লঙ্ঘনের ঘটনা ঘটলে, যে স্থান বা স্থাপনায় এটি অবস্থিত সেই এলাকার মধ্যে আইন প্রয়োগের অনুমোদনপ্রাপ্ত কোনও স্টেট, কাউন্টি, বা স্থানীয় পুলিশ অফিসার, সেই স্থান বা স্থাপনা থেকে ব্যক্তিদের অপসারণ করতে পারবেন। এছাড়াও, এছাড়াও, এ জাতীয় কোনও লঙ্ঘনের ঘটনা ঘটলে, যে স্থান বা স্থাপনায় এটি অবস্থিত সেই এলাকার মধ্যে ইউনিফর্ম কোড বা অন্যান্য স্থানীয় বিল্ডিং কোড প্রয়োগের অনুমোদনপ্রাপ্ত কোনও স্টেট, কাউন্টি, বা স্থানীয় আইন প্রয়োগকারী কর্মকর্তা বা ফায়ার মার্শাল এমন যেকোনো স্থাপনা বা স্থানকে অ্যাপিয়ারেন্স টিকিট, একটি লংঘনের নোটিশ, এ ধরনের লংঘনের প্রতিকারের আদেশ জারি করতে পারবেন যেগুলোর তাৎক্ষণিক পরিপালন করতে হবে এবং/অথবা যেকোনো মালিক, অপারেটর কিংবা ভাড়াটিয়াকে দখল করবেন না আদেশ (Do Not Occupy Order) দিতে পারবেন। দখল-সংক্রান্ত নির্দেশনা বা স্থাপনার কার্যক্রম-সম্পর্কিত নির্দেশনার পরিপালন নিশ্চিত করার উদ্দেশ্যে, এই বিধানের কোনও কিছুই এ জাতীয় এবং/অথবা অতিরিক্ত আইন প্রয়োগের পদক্ষেপ নেওয়ার ক্ষেত্রে কোনো সরকারি ইউনিট বা সংস্থার কর্তৃত্বকে সীমাবদ্ধ করবে না।

- নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য দপ্তর (New York State Department of Health) কর্তৃক জারিকৃত COVID-19-র সংক্রমণ এবং সংক্রমণ নিয়ন্ত্রণ সংশ্লিষ্ট সকল দিক নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে এবং নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য দপ্তর কর্তৃক অতীতে প্রদানকৃত কোনো সাংঘর্ষিক দিক নির্দেশনা এবং যেকোনো স্থানীয় স্বাস্থ্য বোর্ড এবং যেকোনো স্থানীয় স্বাস্থ্য দপ্তর বা একই বিষয়ের সাথে সম্পর্কিত স্টেটের অন্যান্য কোনো রাজনৈতিক উপবিভাগ কর্তৃক জারিকৃত যেকোনো দিক নির্দেশনাকে বাতিল করবে।

অ্যালবেনি সিটিতে দেওয়া, আমার হস্ত দ্বারা

এবং স্টেটের প্রিভি সিলের অধীনে

প্রদত্ত এই দুই হাজার বিশ সালের

মার্চ মাসের সাতাশতম দিনে।

গভর্নর কর্তৃক

গভর্নরের সচিব